তারিখ ৩১/৮/৮২
পৃষ্ঠা ······ কলাম ······

099

# পাঁচবিবি থানায় প্রাথমিক শিক্ষকের পদ শূন্য

জয়পুরহাট, ২৭শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতা) ।--পাঁচবিবি থানার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে তিনজন প্রধান শিক্ষকসহ পনর জন সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন থেকে শূন্যাবস্থায় রয়েছে। ফলে এসব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের ক্ষতি তো হচ্ছেই উপরন্তু অন্যান্য সমস্যাও দেখা দিয়েছে।

এই থানায় মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫৭টি। এর মধ্যে ১৪টি বিদ্যালয়ে ১৫জন শিক্ষকের পদ খালি রয়েছে। গত প্রায় ৭।৮ মাস থেকে প্রধান শিক্ষক নেই পিংলু, নওগাঁ। কাঠালি ও হাকিমপুর, কৈকুড়ি বিদ্যালয়ে। আটাপাড়া রামনগর, মালিদহ, আটুল, বাঁশখুর, নীলতাপাড়া, রুনিহালী, দিবাকরপুর, হাকিমপুর, কৈকুড়ি প্রভৃতি প্রাথমিক বিদ্যালয়ে উল্লিখিত ১২ জন সহকারী শিক্ষক নেই।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, ঐসব শূন্যপদে বেশ ক'মাস আগে নিয়োগের উদ্দেশ্যে একটি প্যানেল তৈরী হলেও কার্যকরী হচ্ছে না। কারণ উক্ত প্যানেল সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন এখনো লাভ করেনি। এবিষয়ে থানা শিক্ষা অফিসারের পক্ষ থেকে উর্ধতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেও কোন ফল হয়নি বলে জানা গেছে।

এমনিতেই বিদ্যালয়গুলোর ছাত্র সংখ্যানুযায়ী শিক্ষকের সংখ্যা কম। তদুপরি এতগুলো শিক্ষকের পদ খালি থাকায় ছাত্রছাত্রীর লেখাপড়ার ক্ষতির পাশাপাশি প্রতিষ্ঠানের কাজকর্মেও নানা অসুবিধা সৃষ্টি হচ্ছে।

শুধু তাই নয়, পাচবিবি থানা শিক্ষা অফিসে সহকারী থানা শিক্ষা অফিসারের পদটি খালি রয়েছে স্বাধীনতার আগ থেকে। আক্কেলপুর থানা শিক্ষা অফিসার না থাকায় ১০ বছর আগে পাচবিবি থানার সহকারী শিক্ষা অফিসারকে সেখানে দায়িত্ব দিয়ে (টি,ই,ও) পাঠানো হয়। সেই থেকে এখনো পদটি শূন্যই রয়ে গেছে। জানা গেছে যে, পাচবিবি থানা শিক্ষা অফিসে অফিস সহকারী পদেও কেউ নেই। অথচ নিজেদের বিভাগীয় দায়িত্ব পালন ছাড়াও গণশিক্ষার কাজ, নির্বাচন সংক্রান্ত ও অন্যান্য কাজ এই অফিসের মাধ্যমে হয়ে থাকে।